জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত, কলেজ কোডঃ ৪৩১১
'জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ এ বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান

# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিবিএ (অনার্স)

## ব্যবস্থাপনা বিষয়ে ১৬তম ব্যাচে ভর্তি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম মহানগরীর সম্পূর্ণ রাজনীতিমুক্ত, সুশৃঙ্খল ও নিরাপদ পরিবেশে অবস্থিত অত্র প্রতিষ্ঠানে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিবিএ (অনার্স) ব্যবস্থাপনা বিষয়ে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

**আবেদনের সাধারণ যোগ্যতা:**

- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।
- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

### অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণে প্রার্থীর করণীয় :

❖ ভর্তি বিষয়ক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) গিয়ে সতর্কতার সাথে আবেদনকারীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার রোল নং, বোর্ড, পাসের সাল, **কলেজের নামঃ (Chittagong Cantonment Public College)** ও প্রার্থীর **Eligible Subject (Management)** নির্ধারণ করে ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে।

❖ অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ করার সময় প্রার্থীর পাসপোর্ট আকারের ছবি (১২০×১৫০ pixels) স্ক্যান করে আপলোড করতে হবে। তথ্য পূরণ করে Submit করার পর উক্ত আবেদন ফরমে আর কোন তথ্য পরিবর্তন/ সংযোজন করতে পারবে না।

### আবেদন ফরম কলেজে জমা দেয়ার সময় প্রয়োজনীয় কাগজপত্র :

❖ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রিন্টকৃত পূর্ণাঙ্গ আবেদনপত্র - ০১ কপি।

❖ প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫৪/-(কমিশনসহ) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিকাশ মার্চেন্ট একাউন্ট নম্বর 01791236348 এ জমা দিতে হবে। ফি বিকাশ করার সময় রেফারেন্স হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রদত্ত Admission Roll No. প্রদান করতে হবে। সংযুক্ত পেমেন্ট প্রসিডিউর অনুসরণ করে পেমেন্ট করতে হবে।

❖ অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি জমা দেয়ার তারিখ:
**২৮ জুলাই থেকে ১৪ আগস্ট ২০২১।**
**ইমেইলে প্রেরণ: hons.ccpc@gmail.com, whatsapp:01812636869**

❖ ভর্তি পরীক্ষা/ফলাফলঃ আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। এসএসসি ও এইচএসসি পরীক্ষা'র ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

**বি: দ্র: অত্র কলেজের অনার্স অফিসে ইন্টারনেটে আবেদন ফরম পূরণের সুব্যবস্থা আছে।**
**বিস্তারিত তথ্যের জন্য: www.ccpc.edu.bd, মোবাইল: ০১৯৩৮৮৭৪৫৮৬**

সমন্বয়কারী
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি, শিক্ষাবর্ষ ঃ ২০২০-২০২১।

# পেমেন্ট প্রসিডিউর (ভর্তি সম্মান শাখা)

## বিকাশ অ্যাপ দিয়ে পেমেন্ট করতে হলে-

- আপনার বিকাশ অ্যাপ এ লগইন করুন।
- হোমস্ক্রিন থেকে "**Payment**" সিলেক্ট করুন ।
- চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ (সম্মান) এর মার্চেন্ট নাম্বার দিন **(০১৭৯১ ২৩৬৩৪৮)।**
- টাকার পরিমাণ ২৫৪/- টাইপ করুন ।
- পরবর্তী ধাপে আপনার টাকার পরিমান যাচাই করুন এবং আপনার পেমেন্ট রেফারেন্স এ কোন স্পেস ছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের এডমিশন রোল নাম্বার দিন । আপনার বিকাশ পিন নম্বর দিন।
- পেমেন্ট সম্পন্ন করার জন্য "**Tap and Hold to Payment**" চেপে ধরুন।
- আপনার পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্টের যাবতীয় তথ্য দেখতে পারবেন।
- পরবর্তী পেমেন্টের জন্য আপনি তথ্য সংগ্রহ করে রাখতে পারবেন।

## *২৪৭# ডায়াল করে বিকাশ পেমেন্ট করতে হলে-

- *২৪৭# ডায়াল করুন।
- পেমেন্ট করতে ৪ (Payment) বেছে নিন।
- চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ (সম্মান) এর মার্চেন্ট নাম্বার দিন **(০১৭৯১ ২৩৬৩৪৮)।**
- আপনার পেমেন্টের পরিমাণ ২৫৪/- লিখুন।
- আপনার পেমেন্ট রেফারেন্স দিন (কোন স্পেস ছাড়া শিক্ষার্থীর এডমিশন রোল নাম্বার দিন)।
- পেমেন্ট সম্পন্ন করতে কাউন্টার নাম্বার **১** লিখে সেন্ড করুন।
- পেমেন্টের তথ্য যাচাই করে আপনার বিকাশ পিন দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন।
- আপনার পেমেন্ট সম্পন্ন হলে আপনার কাছে বিকাশ থেকে একটি এস এম এস আসবে।
- পেমেন্ট সম্পন্ন করার পর পেমেন্টের এস এম এস সংগ্রহ করে রাখতে হবে, যা পরবর্তীতে প্রয়োজন হতে পারে।

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২১/২৪২০ তারিখ: ১৯/০৭/২০২১

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণিতে পাঠদানকারী কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২৮ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৪ আগস্ট ২০২১ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে ১৬ আগস্ট ২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে।**

এ ভর্তি কার্যক্রমে প্রার্থীদের **SSC** ও **HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর **Prospectus (Honours) /Important Notice** অপশন থেকে জানা যাবে।

**বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।**

### ১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঙ) ২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল আবেদনকারী প্রার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।

চ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

জ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### ২। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচি

| ক্রমিক | করণীয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: | ২৮/০৭/২০২১ থেকে ১৪/০৮/২০২১ |
| খ) | প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ: | ২৯/০৭/২০২১ থেকে ১৬/০৮/২০২১ |
| গ) | কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ: | ২৯/০৭/২০২১ থেকে ১৭/০৮/২০২১ |
| ঘ) | কলেজ কর্তৃক আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [প্রার্থী প্রতি ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Honours Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৮/০৮/২০২১ থেকে ২৫/০৮/২০২১ |

**৩। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল**

**ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।**

**খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, তা হলে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।**

**গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিকবার) মাধ্যমে সম্পন্ন করা হবে।**

**ঘ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। আবেদনকারী প্রার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

**৪। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.nu.ac.bd/admissions) Honours Tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও **একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে**।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** অথবা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক **Gender** এন্ট্রি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে ঐ কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে**। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। **কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।**

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। **ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। **এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে** এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে] **প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে।**

ছ) **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:** প্রার্থীকে তার প্রাথমিক আবেদন ফরমের সকল তথ্য সঠিকভাবে যাচাই করতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login** অপশনে **Honours Login লিংকে** গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP )** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও প্রকৃত ছবি আপলোড করতে পারবে।

জ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। সংশ্লিষ্ট কলেজকে প্রাথমিক আবেদন ফরমের ছবি ও তথ্য মিলিয়ে আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে অন্যথায় পরবর্তীতে **ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

ঝ) **আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট/পিডিএফ কপি সংরক্ষণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।**

**৫। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য**

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তির পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। **উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তা পুন:বহাল করার কোন সুযোগ দেয়া হবে না।**

**৬। রিলিজ স্লিপ এ ভর্তির আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল প্রার্থী **বিষয়ভিত্তিক শূন্য আসন সাপেক্ষে পাঁচটি কলেজে** আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

**কলেজ কর্তৃক যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হবে না, সে সকল প্রার্থী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।**

**৭। কলেজ কর্তৃপক্ষের করণীয়**

**ক)** সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট **(www.nu.ac.bd/admissions)** এর **College (undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল

নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে।

খ) **সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি/চূড়ান্ত ভর্তি ফি গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে আবেদনকারীদের নির্দেশনা প্রদান করবেন।**

গ) প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। **অন্যথায় ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

ঘ) **২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার নিম্নরূপ:**

**প্রাথমিক আবেদন ফি:**

| | |
|---|---|
| **i) আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি** | **= ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা**<br>**[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা]** |

**রেজিস্ট্রেশন ফি:**

| | |
|---|---|
| **i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি** | **= ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা** |
| **ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি** | **= ২০/- (বিশ) টাকা** |
| **iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি** | **= ৫/- (পাঁচ) টাকা** |
| **iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি** | **= ১০/- (দশ) টাকা** |
| | **মোট = ৪৮৫ (চারশত পঁচাশি) টাকা** |
| **v) শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি**<br>**vi) শিক্ষার্থী প্রতি ভর্তি পুন:বহাল ফি** | **= ৭০০/- (সাতশত) টাকা**<br>**= ৭০০/- (সাতশত) টাকা** |

ঙ) কলেজ আবেদনকারীর কাছ **থেকে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে** প্রাথমিক আবেদন **ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা** জমা রেখে প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবেন। **কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না।**

চ) কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ **[আবেদনকারী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ছ) সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রতি শিক্ষার্থী থেকে ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।

▶▶ **এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

১৯.০৭.২০২১

**(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)**
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
ও
সদস্য সচিব, স্নাতক (সম্মান) ভর্তি পরিচালনা মূল কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৬৮, ০২-৯২৯১০৮৪
ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

**স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২১/২৪২০** **তারিখ: ১৯/০৭/২০২১**

অনুলিপি:
১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি।

19.07.21

**(মো: কামরুল ইসলাম)**
উপ-রেজিস্ট্রার (সম্মান)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

*© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ*